# সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সাওম অবস্থায় শিঙ্গা লাগানো ও বমি করা

ইমাম বুখারী রহ. বলেছেন, ইয়াহইয়া ইবন সালিহ রহ. আমাকে বলেছেন, আবু হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, বমি করলে সাওম ভঙ্গ হয় না। কেননা এতে কিছু বের হয়, ভিতরে প্রবেশ করে না। আবু হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে এও বর্ণিত আছে যে, তিনি বলেছেন, সাওম ভঙ্গ হয়ে যাবে। প্রথম উক্তিটি বেশি সহীহ। ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু ও ‘ইকরিমা রহ. বলেন, কোনো কিছু ভিতরে প্রবেশ করলে সাওম নষ্ট হয়। কিন্তু বের হওয়ার কারণে নষ্ট হয় না। ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা সাওম পালন অবস্থায় শিঙ্গা লাগাতেন। অবশ্য পরবর্তী সময় তিনি দিনে শিঙ্গা লাগানো ছেড়ে দিয়ে রাতে শিঙ্গা লাগাতেন। আবু মূসা রাদিয়াল্লাহু ‘আনহু রাতে শিঙ্গা লাগিয়েছেন। সা‘ঈদ, যায়েদ, ইবন আরকাম ও উম্মে সালামা রাদিয়াল্লাহু ‘আনহুম সম্পর্কে বর্ণিত আছে যে, তারা সকলেই সাওম অবস্থায় শিঙ্গা লাগাতেন। বুকায়র রহ. উম্মে ‘আলকামা রহ. থেকে বর্ণনা করেন যে, আমরা আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহার সামনে শিঙ্গা লাগাতাম, তিনি আমাদের নিষেধ করতেন না। হাসান রহ. থেকে একাধিক বর্ণনাকারী সূত্রে মারফু‘ হাদীসে আছে যে, শিঙ্গা প্রয়োগকারী এবং গ্রহণকারী উভয়ের সাওমই নষ্ট হয়ে যাবে। ইমাম বুখারী রহ. বলেন, ‘আইয়াশ রহ. হাসান রহ. থেকে আমার নিকট অনুরূপ বর্ণনা করেছেন। তাকে প্রশ্ন করা হয়েছিল, এ কি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত? তিনি বললেন, হ্যাঁ। এরপর তিনি বললেন, আল্লাহই সর্বাধিক জ্ঞাত।

ইবন ‘আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন,

«أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ احْتَجَمَ وَهُوَ مُحْرِمٌ، وَاحْتَجَمَ وَهُوَ صَائِمٌ»

“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুহরিম অবস্থায় শিঙ্গা লাগিয়েছেন এবং সাওম পালন অবস্থায়ও সিংগা লাগিয়েছেন”।[1]

ইবন ‘আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন,

«احْتَجَمَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ صَائِمٌ»

“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাওম পালন অবস্থায় শিঙ্গা লাগিয়েছেন”।[2]

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহুকে প্রশ্ন করা হলো,

«أَكُنْتُمْ تَكْرَهُونَ الحِجَامَةَ لِلصَّائِمِ؟ قَالَ: «لاَ، إِلَّا مِنْ أَجْلِ الضَّعْفِ»، وَزَادَ شَبَابَةُ، حَدَّثَنَا شُعْبَةُ، عَلَى عَهْدِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ»

“আপনারা কি সাওম পালনকারীর শিঙ্গা লাগানো অপছন্দ করতেন? তিনি বললেন, না। তবে দূর্বল হয়ে যাবার কারণে অপছন্দ করতাম। শাবাবা রহ. শু’বা, রহ. থেকে عَلَى عَهْدِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ “নবী সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লামের যুগে কথাটি অতিরিক্ত বর্ণনা করেছেন”।[3]

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৯৩৮, সহীহ মুসলিম, হাদীস নং ১২০২।

[2] সহীহ বুখারী, হাদীস নং ১৯৩৯।

[3] সহীহ বুখারী, হাদীস নং ১৯৪০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10868

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন